

পশ্চিমবঙ্গ সরকার
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ
যৌথ প্রশাসনিক ভবন (ষষ্ঠি - নবম তল), এইচ সি - ৭,
সেক্টর - ৩, বিধাননগর, কলকাতা - ৭০০১০৬

সংখ্যা: ১৮/এসিএস/পি&আরডি/২০২২

তারিখ: ১৪/০৩/২০২২

- প্রেরকঃ (১) সচিব
গোর্ধাল্যান্ড ক্ষেত্রীয় প্রশাসন
(২) জেলা শাসক
..... (সকল)

বিষয়ঃ গ্রাম পঞ্চায়েত স্তরের গ্রামীণ জল ও স্বাস্থ্যবিধান কমিটি - প্রসঙ্গে

মহাশয়/ মহাশয়া,

পশ্চিমবঙ্গে গ্রামীণ এলাকায় প্রতি পরিবারে পর্যাপ্ত পরিমাণ সঠিক গুণগতমান সম্পূর্ণ ধারাবাহিক পানীয় জল সংযোগ প্রদান এবং উন্মুক্ত শৌচবিহীন উত্তর পর্বে স্বাস্থ্যবিধান কর্মসূচীকে যথাযথভাবে রূপায়িত করার উদ্দেশ্যে গ্রামতিত্বিক পরিকল্পনা, পঞ্চদশ অর্থ কমিশনের সুপারিশ বাবদ প্রাপ্ত বরাদ্দ সম্বৰহার, এলাকার পানীয় জলের চালু প্রকল্পের তদারকি প্রভৃতি করার জন্য গ্রাম পঞ্চায়েত স্তরের গ্রামীণ জল ও স্বাস্থ্যবিধান কমিটির (Village Water & Sanitation Committee) কার্যপ্রণালীর উদ্দেশ্যে নিম্নলিখিত কমিটি গঠন করা হল।

ক্রমিক সংখ্যা	সদস্যদের বিবরণ	সদস্যগণ/পদ
১।	গ্রাম পঞ্চায়েতের প্রধান	চেয়ারম্যান
২।	গ্রাম পঞ্চায়েতের শিক্ষা ও জনস্বাস্থ্য উপসমিতির সঞ্চালক	ভাইস চেয়ারম্যান
৩-৪।	দুইজন পঞ্চায়েত সদস্য (সাধারণ জাতিদের ভেতর থেকে), একজন পুরুষ ও একজন মহিলা	সদস্য/ সদস্যা
৫-৬।	দুইজন পঞ্চায়েত সদস্য (তপসিলি জাতি অথবা উপজাতি), একজন পুরুষ ও একজন মহিলা	সদস্য/ সদস্যা
৭।	গ্রাম পঞ্চায়েতের নির্বাহী সহায়ক (নির্বাহী সহায়কের পদটি ফাঁকা থাকলে ওই গ্রাম পঞ্চায়েতের সচিব এবং সচিব পদটি ফাঁকা থাকলে গ্রাম পঞ্চায়েত মনোনীত একজন সহায়ক)	সদস্য সচিব/ সদস্যা সচিব
৮।	গ্রাম পঞ্চায়েতের নির্মাণ সহায়ক	সদস্য/ সদস্যা
৯।	গ্রাম পঞ্চায়েতের সাধারণ সভায় মনোনীত একজন শিক্ষিকা (এলাকায় সামাজিক উন্নয়ন সংক্রান্ত কাজে যার আগ্রহ ও উৎসাহ সুবিদিত)	সদস্য/ সদস্যা
১০-১১।	দুইজন স্বনির্ভর গোষ্ঠীর প্রতিনিধি	সদস্য/ সদস্যা
১২।	একজন গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান ও পুষ্টি কমিটির প্রতিনিধি	সদস্য/ সদস্যা
১৩।	একজন আশা কর্মী	সদস্য/ সদস্যা
১৪।	স্বেচ্ছাসেবী জল সহায়ক	সদস্য/ সদস্যা

এছাড়াও প্রয়োজনে গ্রাম পঞ্চায়েত এলাকায় সমাজ কল্যানমূলক কাজে যুক্ত আছেন এমন সুবিদিত স্বেচ্ছাসেবী/সমাজকর্মী/শিক্ষক/স্বেচ্ছাসেবী সংগঠনের পদাধিকারী এবং গ্রাম পঞ্চায়েত এলাকায় নিরাপদ পানীয় জল সরবরাহ কাজে সহায়ক শক্তি হিসাবে কাজ করলে এলাকার উন্নতি হতে পারে এমন ব্যক্তিকে গ্রাম পঞ্চায়েতের সাধারণ সভায় আলোচনার মাধ্যমে উক্ত কমিটির আমন্ত্রিত সদস্য/সদস্যা হিসাবে যুক্ত করা যেতে পারে (অনধিক ৩ জন)।

আপনার বিশ্বস্ত

অতিরিক্ত মূখ্য সচিব
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ

সংখ্যা: ১৮/১ /এসিএস/পি&আরডি/২০২২

তারিখ: ১৪/০৩/২০২২

প্রতিলিপি প্রেরণ করা হলঃ

প্রধান সচিব, জনস্বাস্থ্য কারিগরি বিভাগ

অতিরিক্ত মূখ্য সচিব
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ